

## ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউস-এর ডাইরেক্টরি ইনফরমেশন নোটিস 2018-19 এবং অপ্ট আউট (নাম প্রত্যাহার) ফরম

ফ্যামিলি এডুকেশনাল রাইটস অ্যান্ড প্রাইভেসি অ্যাক্ট (পারিবারিক শিক্ষা ও গোপনীয়তা আইন, FERPA) অনুযায়ী নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (DOE) সম্মতি ছাড়া শিক্ষার্থীকে সনাক্ত করতে পারে, এমন তথ্য কাউকে দিতে পারে না। তবে নির্দিষ্ট কিছু তথ্য আছে যাকে “ডাইরেক্টরি ইনফরমেশন” (নির্দেশিকা তথ্য) বলে এবং সেগুলো কিছু কিছু তা প্রকাশ করা হতে পারে। NYC DOE “ডাইরেক্টরি ইনফরমেশন” ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের কাছে প্রকাশ করতে পারে। প্রকাশিতব্য ডাইরেক্টরি ইনফরমেশনের মধ্যে আছে DOE হাই স্কুলসমূহে 2002-2018 সালে অংশগ্রহণকারী শিক্ষার্থী ছাড়া 2018-19 সালে 9 গ্রেড শুরু করেছে যেসব শিক্ষার্থী, তাদের নাম ও জন্মতারিখ।

শিক্ষার্থীরা কোথায় কলেজে ভর্তি হয় এবং তারা কোন্ ধরনের ডিগ্রি অর্জন করে, সে বিষয়ে 3,600 কলেজ ও বিশ্ববিদ্যালয়ের উপাত্ত ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের কাছে রয়েছে। ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউস NYC DOE-এর সাবেক শিক্ষার্থীদের সনাক্ত করার এবং এসব শিক্ষার্থী কোথায় কলেজে ভর্তি হয়েছে, কখন ভর্তি হয়েছে, কবে তাদের গ্রাজুয়েশন হবে, এবং কোন্ ধরনের ডিগ্রি তারা অর্জন করেছে, NYC DOE-কে সেসব তথ্য প্রদানের জন্য NYC DOE-এর কাছ থেকে পাওয়া ডিরেক্টরি ইনফরমেশন ব্যবহার করে। NYC DOE শিক্ষার্থীদের কলেজ প্রস্তুতি ও সাফল্য সম্পর্কে ধারণালাভে ও উন্নতিসাধনে সহায়তা করতে ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের এসব তথ্য ব্যবহার করে।

### কীভাবে ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের ‘ডাইরেক্টরি ইনফরমেশন’ প্রকাশ করা থেকে নাম প্রত্যাহার করা যায়

যদি না আপনি DOE-কে নিষেধ করে দেন, তাহলে NYC DOE শিক্ষার্থীর যেসব ডাইরেক্টরি ইনফরমেশন ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের কাছে প্রদান করবে, তার মধ্যে আছে নাম, গ্রেড পর্যায়, এবং জন্মতারিখ।

1. If you allow the NYC DOE to share this directory information, you do not need to do anything.

2. আপনি "অপ্ট আউট" (নাম প্রত্যাহার) করতে চাইলে (অর্থাৎ আপনি ডিরেক্টরি ইনফরমেশন প্রকাশ করতে না চাইলে), **শুক্রবার, 4 জানুয়ারি, 2019** তারিখের মধ্যে এই ফরমটি পূরণ করুন এবং আপনার সন্তানের স্কুলের প্রিন্সিপালের কাছে জমা দিন। আপনার যদি এনওয়াইসি পাবলিক স্কুল ব্যবস্থায় একাধিক সন্তান থাকে তাহলে আপনাকে প্রত্যেক সন্তানের জন্য একটি করে ফরম জমা দিতে হবে।

3. 18 বা তদোর্ধ্ব বয়সী শিক্ষার্থী ডিরেক্টরি ইনফরমেশন প্রকাশ করতে না চাইলে তার নিজের পক্ষে নিজেকে ফরমটি পূরণ করতে ও স্বাক্ষর করতে হবে। FERPA-এর অধীনে পিতামাতা বা অভিভাবকের সই কাজ করবে না।

4. আপনি এই ফরম জমা দিলে যতক্ষণ না আপনি এই অপ্ট আউট বাতিল করবেন, এই ডিরেক্টরি ইনফরমেশন প্রকাশ করা হবে না। আপনি যদি অপ্ট আউট বাতিল করতে চান, তাহলে আপনাকে অবশ্যই সেটা জানিয়ে সন্তানের স্কুলের প্রিন্সিপালের কাছে লিখিত দিতে হবে।

এই বিজ্ঞপ্তির অনুলিপি ও ফরম আপনার বা আপনার সন্তানের স্কুলে পাওয়া যাবে, এবং তা অনলাইনে পাওয়া যাবে নিচের ওয়েবসাইটে <https://www.schools.nyc.gov/school-life/learning/college-and-career-planning/national-student-clearinghouse-notice-and-opt-out-form>. এই ফরম সম্পর্কে কোন প্রশ্ন থাকলে কিংবা সন্তানকে কলেজ ও কর্মজগতের জন্য প্রস্তুত করায় স্কুলের প্রচেষ্টা সম্পর্কে জানতে চাইলে অনুগ্রহ করে স্কুলে যোগাযোগ করুন।

আপনি যদি ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের কাছে তথ্য প্রকাশ করা থেকে **অপ্ট আউট করতে চান, শুধু তাহলেই** অনুগ্রহ করে পূরণ ও স্বাক্ষর করবেন.

- আমি নিচে উল্লিখিত শিক্ষার্থী, এবং আমার বয়স 18 অথবা বেশি। আমি চাইনা আমার নাম, গ্রেড পর্যায়, এবং জন্মতারিখ ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের কাছে প্রকাশ করা হোক।
- আমি নিম্নোল্লিখিত শিক্ষার্থীর পিতামাতা যার বয়স 18-এর কম। আমি চাইনা আমার সন্তানের নাম, গ্রেড পর্যায়, এবং জন্মতারিখ ন্যাশন্যাল স্টুডেন্ট ক্লিয়ারিংহাউসের কাছে প্রকাশ করা হোক।

শিক্ষার্থীর বয়স 18 বছরের কম হলে পিতামাতা/অভিভাবকে  
সই

শিক্ষার্থীর সই যদি শিক্ষার্থীর বয়স 18 বা বেশি হয়

শিক্ষার্থীর নাম:	OSIS #:	গ্রেড:	জন্মতারিখ (মাস/দিন/বৎসর):
পিতামাতা/অভিভাবকের নাম:	স্কুলের নাম (এবং বরো):		